

দরপত্র প্যাকেজ নং-W.24-25.22.45

সাব প্যাকেজ নং- W.24-25.22.45.001



“অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ হতে রংপুর পবিস-২ এর পোল ইয়ার্ড (দুরত্ব- ২৮২ কিঃমিঃ) এসপিসি পোল (আর-৪৯) পরিবহনের পুনঃদরপত্র আহবান প্রসঙ্গে।”

Rangpur Palli Bidyut Samity-2  
Paglapir, Rangpur.



রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২  
পাগলাপীর, রংপুর।

টেলিফোন নম্বরঃ 02588878267  
ই-মেইলঃ gmrpbs2@gmail.com  
ওয়েব সাইটঃ www.pbs2.rangpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৫৪৯.৫২২.০১.০৩৮.২৪. ৪২৭৬

তারিখঃ ১৯ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ।  
০৪ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ “এসপিসি পোল (আর-৪৯) পরিবহনের” কোটেশন প্রদানের পুনঃঅনুরোধজ্ঞাপনপত্র (RFQ)।

দরপত্র প্যাকেজ নম্বরঃ W.24-25.22.45

প্রতি,


০১. জেনারেল ম্যানেজার, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পাগলাপীর, রংপুর এর “৩০ টি এসপিসি পোল (আর-৪৯) পরিবহনের (লোডিং/আনলোডিং সহ)” পরিবহনের লক্ষ্যে প্রকৃত পরিবহনকারী প্রতিষ্ঠানের নিকট হতে সিল মোহরকৃত খামে RFQ পদ্ধতিতে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	বিবরণ	আইটেম নং	পোলের পরিমাণ	একক ওজন (মেঃ টন)	মোট ওজন (মেঃ টন)	মোট দুরত্ব (কিঃমিঃ)
০১	গাজীপুর পবিস-১ হতে রংপুর পবিস-২ এর পোল ইয়ার্ড (দুরত্ব- ২৮২ কিঃমিঃ) এসপিসি পোল (আর-৪৯) পরিবহন (লোডিং/আনলোডিং সহ)	৬০-২ এসপিসি পোল (আর-৪৯)	৩০ টি	২.৯৫০০	৮৮.৫০০	২৮২
মোট=			৩০ টি			

০২. পোল পরিবহনে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।
০৩. এতদসংগে সংযুক্ত ‘কোটেশন দলিল’ ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির [www.pbs2.rangpur.gov.bd](http://www.pbs2.rangpur.gov.bd) হতে ডাউন লোড করে কোটেশন এর সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফর্মের দরপত্র গ্রহণযোগ্য হবে না। অথবা আবেদনের মাধ্যমে রংপুর পবিস-২ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।
০৪. নির্ধারিত কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬নং অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন নির্ধারিত দপ্তরে দাখিল করতে হবে।
০৫. কোটেশন দাখিল এবং পোল পরিবহনে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
০৬. সিলমোহরকৃত খাম, আগামী ১১/১২/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১.৩০ ঘটিকা-এ বা এর পূর্বে কোটেশন (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সদর দপ্তর ভবন, প্রশিক্ষণ একাডেমী ভবন, নীচতলা, জোয়ার সাহারা খিলক্ষেত, ঢাকা -১২২৯ ও (খ) রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পাগলাপীর, রংপুর এ দাখিল করতে হবে। কোটেশনের খামে “এসপিসি পোল (আর-৪৯) পরিবহনের দরপত্র” এবং ১১/১২/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১.৩৫ এর আগে খোলা যাবে না” লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
০৭. প্রাপ্ত দরপত্র সমূহ ১১/১২/২০২৪ খ্রিঃ বেলা ১১.৩৫ সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েবসাইটে [www.pbs2.rangpur.gov.bd](http://www.pbs2.rangpur.gov.bd) এ দেখা যাবে।
০৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।
০৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং ৬ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।
১০. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক পোল পরিবহনের পর সমিতির প্রতিনিধির মাধ্যমে পোল পরিবহন সংক্রান্ত এবং কার্য সম্পাদন সংক্রান্ত সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে গ্রহণ করা হবে। সন্তোষজনক মালামাল সরবরাহ ও কার্য সম্পাদনের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধ যোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎস কর আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।
১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

২য় পৃষ্ঠায় প্রঃ/


১২. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন সনদ এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।
১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।
১৪. বর্ণিত মালামাল সঠিকভাবে পরিবহন করতে হবে। পরিবহনকালে (লোডিং/আনলোডিং সহ) কোন দুর্ঘটনা বা ক্ষতি হলে পরিবহনকারী প্রতিষ্ঠান দায়ী থাকবে এবং ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।
১৫. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে পোল পরিবহনের পূর্বে অত্র সমিতির সহিত পোল পরিবহনের বিষয়ে ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং বাপবিবো/সমিতির নিয়মানুযায়ী অন্যান্য শর্তাবলী প্রতিপালন করতে হবে।
১৬. অত্যন্ত সাবধানতার সাথে পোল পরিবহন, লোডিং ও আনলোডিং করতে হবে। পোল সমূহের কোনরূপ ক্ষয়ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবেন।
১৭. পোল লোডিং-আনলোডিং এর জন্য ফ্রেন বা যে কোন যন্ত্রাদি কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকেই সংগ্রহ করতে হবে এবং এর জন্য কোন বিল দাবী করা যাবে না।
১৮. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।
১৯. নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহ এবং কার্য সম্পাদনে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর  $\frac{2}{100}$  অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।
২০. কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যেই নিয়মানুযায়ী পোলসমূহ গাজীপুর পবিস-১ এর পোল ইয়ার্ড হতে অত্র সমিতির সদর দপ্তর, পাগলাপীর, রংপুর এ নিজ দায়িত্বে মালামাল পৌঁছাতে হবে।
২১. রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ে মালামাল সরবরাহ করতে অপরাগতা প্রকাশ/ব্যর্থ হলে কোনরূপ ব্যাখ্যা তলব ব্যতীত সরাসরি কালো ভালিকাভুক্ত করা হবে।



(মোঃ খুরশীদ আলম)  
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।**

- ০১। পরিচালক, পবিস মঃ ব্যঃ ও পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে আপলোডের নিমিত্তে)।
- ০৩। জেলা প্রশাসক, রংপুর/নীলফামারী।
- ০৪। পুলিশ সুপার, রংপুর/নীলফামারী।
- ০৫। ভ্রাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, রংপুর।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো/এলজিইডি/সড়ক ও জনপথ, রংপুর।
- ০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা-রংপুর সদর/ভারাগঞ্জ/গণাচড়া/বদরগঞ্জ/কাউনিয়া/সৈয়দপুর।
- ০৯। ডিজিএম (সকল), রংপুর পবিস-২।
- ১০। এজিএম (সকল), রংপুর পবিস-২।
- ১১। মেসার্স.....।
- ১২। ওয়েব সাইট ([www.pbs2.rangpur.gov.bd](http://www.pbs2.rangpur.gov.bd)), রংপুর পবিস-২ (জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), রংপুর পবিস-২ এর ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ১৩। নোটিশ বোর্ড, রংপুর পবিস-২।
- ১৪। অফিস কপি/মাটার কপি।



(মোঃ খুরশীদ আলম)  
জেনারেল ম্যানেজার

কোটেশন দাখিল পত্র  
[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশন এর স্মারক নং : ২৭.১২.৮৫৪৯.৫২২.০১.০৩৮.২৪.

তারিখ:----/----/২৪খ্রিঃ।

প্রতি

জেনারেল ম্যানেজার

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পাগলাপীর, রংপুর।

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে “এসপিসি পোল (আর-৪৯) সরবরাহের অনুরোধআপনপত্র” প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা (অংকে) -----(কথায়)-----

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ আপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ আপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ----/----/২০২৪ খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধআপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর  
তারিখ

**“(পোল পরিবহনের অনুরোধস্বাপন পত্র” এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসীল)**

কোটেশন এর স্মারকঃ ২৭.১২.৮৫৪৯.৫২২.০১.০৩৮.২৪.

তারিখঃ...../...../২০২৪ খ্রিঃ

ক্রঃ নং	বিবরণ	আইটেম নং	পরিমাপের একক	পরিমাণ	একক দর/মূল্য		মোট মূল্য	পণ্য সরবরাহের গন্তব্যস্থান
					অংকে	কথায়		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
	গাজীপুর পবিস-১ হতে রংপুর পবিস-২ এর পোল ইয়ার্ড (দুরত্ব-২৮২ কিঃমিঃ) এসপিসি পোল (আর-৪৯) পরিবহন (লোডিং/আনলোডিং সহ)	৬০-২ এসপিসি পোল (আর-৪৯)	টি	৩০				
						অংকে		
						কথায়		
পণ্য প্রেরণের ঠিকানা		রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পাগলাপীর, রংপুর						
মোট মূল্য টাকায় (কথায়)		উপরোল্লিখিত তফসীলের ২ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য -----						
প্রস্তাবিত সরবরাহ ও কার্য সম্পাদন		ক্রয় আদেশ জারির তারিখ থেকে ১৫ দিন।						
প্রদত্ত ওয়ারেন্টি (warranty)		[পণ্য সরবরাহ সম্পন্নতার তারিখ থেকে ....সপ্তাহ অথবা ....দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই]						

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফসীলের ----- টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে।  
আমার/আমাদের প্রস্তাব ...../..../২০২৪ পর্যন্ত বৈধ থাকবে।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর	তারিখ:
কোটেশনদাতার নাম	

**টীকা:**

১। কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোত্তমভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধিতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

ক্রঃ নং	আইটেমের বিবরণ	পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান	উৎস দেশের নাম	তৈরী এবং মডেল (Make and Model)
১	২	৩	৪	৫
০১	৬০-২ এসপিসি পোল (আর-৪৯)	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লিখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর:	তারিখ:
কোটেশন দাতার নাম:	

টীকা:

১. কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।
২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বড়ুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হবে।
৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাভুক্ত পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।


রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২  
পোল পরিবহনের জন্য ক্রয় আদেশ  
[সরবরাহের সংক্ষিপ্ত নাম লিখুন]

দরপত্র প্যাকেজ নম্বরঃ W.24-25.22.45

তারিখ: ----/----/২০২৪খ্রিঃ

কোটেশন স্মারক নং: ২৭.১২.৮৫৪৯.৫২২.০১.০৩৮.২৪.	তারিখ : ----/----/২৪খ্রিঃ।
প্রতি: [সরবরাহকারীর নাম ও ঠিকানা]	
পোল পরিবহন কার্য সম্পাদনের তারিখ: [সম্পাদনের তারিখ উল্লেখ করুন]	ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা [চুক্তি মূল্য উল্লেখ করুন]
সরবরাহ : শর্তানুযায়ী	

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট কার্য সম্পাদনের জন্য ক্রয়কারী----- তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

কাজের বর্ণনা
গাজীপুর পবিস-১ এর পোল ইয়ার্ড হতে রংপুর পবিস-২ এর পোল ইয়ার্ডে ৩০ টি এসপিসি পোল (আর-৪৯) পরিবহন (লোডিং-আনলোডিং সহ)
ক্রেতার জন্য:  (মোঃ খুরশীদ আলম) জেনারেল ম্যানেজার রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ পাগলাপীর, রংপুর।
তারিখ:

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ণনা মোতাবেক

## পণ্য কার্য সম্পাদনের ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।
২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।
৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ১৫ (পনেরো) দিনের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে এই শর্তাবলী অনুযায়ী পোল পরিবহন কার্য সমাপ্ত করতে হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে পোল পরিবহনের পূর্বে অত্র সমিতির সহিত পোল পরিবহনের বিষয়ে ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং বাপবিবো/সমিতির নিয়মানুযায়ী অন্যান্য শর্তাবলী প্রতিপালন করতে হবে।
৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফসীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।
৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।
৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।
৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা কাজ বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।
৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।
৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলিত তফসীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।
১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।
১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে----- কথায় -----।
১২. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।
১৩. সরবরাহকারী পণ্য এবং কার্য সম্পাদনের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজেস্ব, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

২য় পৃষ্ঠায় ধ্রঃ/

২য় পৃষ্ঠা

১৪. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে। বর্ণিত মালামাল সঠিকভাবে পরিবহন করতে হবে। পরিবহনকালে (লোডিং/আনলোডিং সহ) কোন দুর্ঘটনা বা ক্ষতি হলে পরিবহনকারী প্রতিষ্ঠান দায়ী থাকবে এবং ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।

১৫. পোল পরিবহনের সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৬. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৭. অত্যন্ত সাবধানতার সাথে পোল পরিবহন, লোডিং ও আনলোডিং করতে হবে। পোল সমূহের কোনরূপ ক্ষয়ক্ষতি হলে পোল পরিবহনের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবেন। পোল লোডিং-আনলোডিং এর জন্য ক্রেন বা যে কোন যন্ত্রাদি কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকেই সংগ্রহ করতে হবে এবং এর জন্য কোন বিল দাবী করা যাবে না।

১৮. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:


ক. সরবরাহের তফসীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকাণ্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

১৯. এই চুক্তি হতে উদ্ভূত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মীমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২০. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

<p>ক্রেতার স্বাক্ষর:</p> <p></p> <p>(মোঃ খুরশীদ আলম) জেনারেল ম্যানেজার রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ পাগলাপীর, রংপুর।</p>	<p>পরিবহন ঠিকাদার/প্রতিনিধি স্বাক্ষর: (নাম এবং পদবী সহ)</p>
<p>তারিখ:</p>	<p>তারিখ:</p>

M